

পাসের হারে এগিয়ে মেয়েরা, জিপিএ-৫ এ ছেলেরা

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, শুক্রবার, ২০ জুলাই ২০১৮

উচ্চ মাধ্যমিক
সার্টিফিকেট
(এইচএসসি) ও
সমমান পরীক্ষায়
পাসের হারে
গতবারের মত
এবারও ছেলেদের
চেয়ে এগিয়ে



ফুলাফলের সাফল্যে আনন্দে উচ্ছ্বসিত
শিক্ষার্থীরা -সংবাদ

মেয়েরা। ছেলেদের পাসের হার ৬৩ দশমিক ৮৮ শতাংশ এবং মেয়েদের পাসের হার ৬৯ দশমিক ৭২ শতাংশ। তবে জিপিএ-৫-এ এগিয়ে ছেলেরা। এবার সারাদেশে গড় পাসের হার ৬৬ দশমিক ৬৪ শতাংশ। মোট জিপিএ-৫ পেয়েছে ২৯ হাজার ২৬২ জন। গতকাল প্রকাশিত এইচএসসি ও সমমান পরীক্ষায় ফলাফল থেকে এ তথ্য পাওয়া গেছে।

এ বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় ৬ লাখ ৮০ হাজার ৮৪৮ জন ছাত্র অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে ৪ লাখ ৩৪ হাজার ৯৫৮ জন। পাসের হার ৬৩ দশমিক ৮৮ শতাংশ। জিপিএ-৫ পাওয়া ছাত্রের সংখ্যা ১৫ হাজার ৫৮১ জন।

অন্যাদকে এবারের পরীক্ষায় ৬ লাখ ৭ হাজার ৯০৯ জন ছাত্রী অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করে ৪ লাখ ২৩ হাজার ৮৪৩ জন। মেয়েদের পাসের হার ৬৯ দশমিক ৭২ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১৩৬৮১ জন ছাত্রী।